

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৭৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাতে বা দিনের কোন সালাতে তন্দ্রার কারণে যার কাছে কিরা'আত ভারি হয়ে যাবে, তার জন্য জরুরি হলো (নফল) সালাত পড়া ছেড়ে দেওয়া

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَنِ اسْتَعْجَمَ عَلَيْهِ قِرَاءَتُهُ بِاللَّيْلِ مِنَ النُّعَاسِ أَوِ النَّهَارِ كَانَ عَلَيْهِ الِانْفِتَالُ مِنْ صَلَاته

## আরবী

2576 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ عَنْ هَمَّامِ بْنِ مُنَبِّهٍ: عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ عَبْدُ الرَّزَّاقِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا قَامَ أحدكم من الليل فاستعجم القرآن على عَلَى لِسَانِهِ فَلَمْ يَدْر مَا يَقُولُ فَلْيَضْطُجعْ)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2576 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1184): م.

## বাংলা

২৫৭৬. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন তোমাদের কেউ রাতে সালাতে দাঁড়াবে, অতঃপর জবানে কুর'আন পাঠ ভারি হয়ে যায়, ফলে সে জানে না সে কী বলছে, তবে সে যেন শুয়ে পড়ে।"[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪২২১; মুসনাদ আহমাদ: ২/৩১৮;সহীহ মুসলিম: ৭৮৭; আবূ আওয়ানা: ২/২৯৭; আবূ দাউদ: ১৩১১; বাগাবী: ৯৪১; ইবনু মাজাহ: ১৩৭২।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৮৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন